

If the questions attempted are in excess of the Prescribed number, only the questions attempted first upto the prescribed number shall be valued and the remaining ones ignored.

(উত্তর সাধু বা চলিত যে কোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়)

ক - বিভাগ

(যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখুন)

80x0

- ১) বৈষ্ণব পদাবলী-তে 'অভিসার' কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? উপযুক্ত উদাহরণসহ তিনজন পদকর্তা-রচিত অভিসার পর্যায়ের একাধিক পদ বিষয়ে আলোচনা করুন।
- ২) 'মেঘনাদবধ' কাব্যে, প্রমীলা চরিত্রাঙ্কনে মধুসূদন দত্ত যে দক্ষতার পরিচয় দিয়েছেন, সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন।
- ৩) 'রজনী' উপন্যাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় যে উপন্যাসের চরিত্রগুলিকেই বঙ্গের আসনে বসিয়েছেন, এই বিশেষ কৌশলটি উপন্যাসটির শিল্পগত স্বার্থকতার পক্ষে কতদূর ফলপ্রসূ হয়েছে তা ব্যাখ্যা করুন।
- ৪) 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধে পরাণ মন্ডল নামের এক কৃষককে অবলম্বন করে বঙ্কিমচন্দ্র বাংলাদেশের কৃষকদের দুর্ভাগ্যের যে বর্ণনা করেছেন, তা ব্যক্ত করুন।
- ৫) 'পুনশ্চ' কাব্যে রবীন্দ্রনাথ ঠাকুর গদ্যছন্দে যে আখ্যানমূলক কবিতাগুলি রচনা করেছেন, তার মধ্যে তিনটি কবিতা বিশ্লেষণ করে দেখান, যে, উক্ত কবিতাগুলির ক্ষেত্রে বিষয় এবং ছন্দের সামঞ্জস্য সাধিত হয়েছে কি না।

খ-বিভাগ

(যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)

80X2

- ১) 'গৃহদাহ' উপন্যাসে মহিম এবং সুরেশের প্রতি অচলার যে দোলাচল চিত্তবৃত্তির পরিচয় শরৎচন্দ্র দিয়েছেন, সেই বিষয়টি ব্যাখ্যা করুন এবং উপন্যাসটির পরিনতি নির্ধারণের পক্ষে উক্ত দোলাচলতার ভূমিকা নির্দেশ করুন।
- ২) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটিকে সম্পূর্ণভাবে 'অ্যাবসার্ড নাটক' আখ্যা দেওয়া যায় কিনা, সে বিষয়ে যুক্তিসিদ্ধ আলোচনা করুন।
- ৩) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি বাংলাদেশের প্রকৃতির যে বিশিষ্টরূপ ফুটিয়ে তুলেছেন, তা নিজের ভাষায় ব্যক্ত করুন।